তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ২০ কলাম ৬ ...

যুগান্তর

# একাদশে অনলাইন এসএমএসে ভর্তির আবেদন যেভাবে

## এবারও ৩ কলেজে আলাদা ভর্তি

**যুগান্তর রিপোর্ট**

একাদশ শ্রেণীতে অনলাইনে ও এসএমএসে ভর্তির নিয়মাবলী চূড়ান্ত হয়েছে। মঙ্গলবার রাতে এ নিয়ে বুয়েটে দীর্ঘ বৈঠক হয়। এতে অনলাইনে একসঙ্গে ১০টি কলেজ এবং এসএমএসে ১০টি কলেজে আলাদা আবেদনের (মোট ২০টি) বিধান নির্দিষ্ট করা হয়। কাল থেকে শুরু হবে আবেদন গ্রহণ প্রক্রিয়া। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান এবং কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন এ তথ্য নিশ্চিত করেছেন।

এবারও নটর ডেমসহ তিনটি কলেজ সরকারি নিয়মের বাইরে আলাদাভাবে ভর্তি কার্যক্রম চালাচ্ছে। এ সব কলেজ আলাদাভাবে ফরম বিতরণ করে নিজস্ব পদ্ধতিতে শিক্ষার্থী ভর্তি করবে। সে অনুযায়ী নটর ডেম কলেজ আজ ভর্তি ফরম বিতরণ শুরু করছে। আলাদাভাবে ভর্তি প্রক্রিয়া চালানো অন্য দুই কলেজ

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৫

# একাদশে অনলাইন এসএমএসে ভর্তির

(শেষ পৃষ্ঠার পর)

হচ্ছে— ঢাকার সেন্ট যোসেফ এবং হলিক্রস। এ ব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান
অধ্যাপক মাহবুবুর রহমান জানান, ওই তিন কলেজ হাইকোর্টে রিট করে নিজেদের পক্ষে রায়
নিয়ে এসেছে। তারা এমন সময়ে রায় এনেছে, এখন আর আপিলের সময় নেই। আমরা
আদালতের রায়ের প্রতি শ্রদ্ধা রাখছি। তবে আমরা মনে করি, সব কলেজেরই সরকারি বিধান
মেনে চলা উচিত।

**আবেদন প্রক্রিয়া :** এবার আবেদন প্রক্রিয়ায় বেশকিছু পরিবর্তন আনা হয়েছে। এরমধ্যে অন্যতম
হচ্ছে, আগে টাকা জমা ও পরে আবেদন ফরম পূরণ। অনলাইনে একবারে ১০টি কলেজে
আবেদনের জন্য টেলিটক মোবাইল ফোনে এসএমএস অপশনে যেতে হবে। সেখানে CAD
লিখে স্পেস দিয়ে web লিখে স্পেস দিয়ে নিজ বোর্ডের প্রথম তিন বর্ণ (যেমন : ঢাকা বোর্ড হলে
dha) লিখে স্পেস দিয়ে এসএসসির roll নম্বর লিখে স্পেস দিয়ে পাসের year লিখে স্পেস
দিয়ে রেজিস্ট্রেশন লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ১৫০ টাকা কেটে নেয়ার
অনুমতি চাওয়া হবে। একই সঙ্গে এসএমএস প্রক্রিয়ায় ভুল থাকলে তাও জানিয়ে দেয়া হবে। টাকা
দিতে রাজি থাকলে CAD লিখে স্পেস দিয়ে পাসের year লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস
দিয়ে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন করা একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে। এরপর আবার
১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে। তখন ফিরতি এসএমএসে একটি ট্রানজেকশন নম্বর দেয়া হবে।
এ নম্বর নিয়ে ভর্তির ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) গিয়ে আবেদন
করতে হবে। কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন বলেন, ওয়েবসাইটে একের পর এক
অপশন থাকবে। সহজভাবেই আবেদন কাজ সম্পন্ন করা যাবে। আবেদন ফরমটি প্রিন্ট করা যাবে।
তিনি আরও বলেন, একাধিকবার অনলাইনে আবেদন করা যাবে। কেউ যদি মনে করে একবার
৫টি দু'দিন পর ২টি আবার ৩দিন পর বাকি ৩টি কলেজের নাম যোগ করবে; সে সুযোগও থাকছে।
তবে একবার কোনো কলেজের নাম সাবমিট করলে তা আর ডিলিট করা যাবে না।
তিনি আরও জানান, এসএমএসে আবেদন প্রক্রিয়া হচ্ছে, CAD লিখে স্পেস দিয়ে college
এর EIIN নম্বর লিখে group-(সাইন্স, আর্টস, কমার্স ইত্যাদি) এর প্রথম দুই লেটার লিখে
স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন লেটার লিখে স্পেস দিয়ে এসএসসির roll নম্বর লিখে স্পেস দিয়ে
পাসের year লিখে স্পেস দিয়ে রেজিস্ট্রেশন নম্বর লিখে স্পেস দিয়ে shift (মর্নিং বা দিবা,
শিফট না থাকলে স) লিখে স্পেস দিয়ে ভার্সন (বাংলা-ইংরেজি) লিখে স্পেস দিয়ে কোটা (যদি
থাকে যেমন : মুক্তিযোদ্ধা বা অন্যকিছু) লিখে স্পেস দিয়ে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।
ফিরতি এসএমএসে একটি পিন নম্বর দেয়া হবে। কলেজ পরিদর্শক জানান, একটি এসএমএসে
মাত্র একটি কলেজের আবেদন করা যাবে। এ প্রক্রিয়ায় সর্বোচ্চ ১০টি আবেদন করা যাবে।
প্রত্যেকটি এসএমএসের জন্য ১২০ টাকা করে কেটে নেয়া হবে।

**তিন কলেজ :** নটর ডেম কলেজে ভর্তির ফরম বিতরণ আজ থেকে চলবে ২৮ মে পর্যন্ত। সেন্ট
যোসেফ কলেজে ফরম বিতরণ শুরু হবে ২৮ মে। হলিক্রস কলেজ ২৬ মে'র পর ভর্তির ব্যাপারে
নোটিশ প্রকাশ করবে।

নটর ডেম কলেজে আজ সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত শুধু বিজ্ঞান বিভাগের ভর্তিচ্ছু
শিক্ষার্থীদের জন্য ও আগামীকাল ২৬ মে বিকাল ২টা থেকে ৫টা পর্যন্ত এবং পরশু ২৮ মে
সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত বিজ্ঞান, মানবিক ও ব্যবসা শিক্ষা বিভাগের ভর্তি ফরম বিক্রি করা
হবে। ফরম সংগ্রহের সময় ১৫০ টাকা দিতে হবে। ফরমটি পূরণ করে সংগ্রহের দিনই জমা দিতে
হবে। ফরমের সঙ্গে এক কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজে ছবি ও এসএসসি পরীক্ষার
ফলাফলের ইন্টারনেট প্রিন্ট আউট কপি জমা দিতে হবে। ১ জুন প্রাথমিকভাবে মনোনীতদের
তালিকা প্রকাশ করা হবে। ৩ ও ৪ জুন নির্ধারিত সময়সূচি অনুযায়ী কলেজের নির্ধারিত কক্ষে
লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ নিতে হবে। বিজ্ঞান বিভাগের বাংলা ও ইংরেজি ভার্সনে (উচ্চতর
গণিতসহ) জিপিএ-৫, ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪ এবং মানবিক বিভাগে জিপিএ-৩.৫০।
বিজ্ঞান বিভাগে আসনসংখ্যা (বাংলা মাধ্যমে) ১৭২০, ইংরেজি ভার্সনে ২৮০, ব্যবসায় শিক্ষা ৭০০
এবং মানবিক বিভাগে ৪০০।